

ইনকিলাব



নবম
ঢাকা
বইমেলা
১৯৯৫
প্রচারণার বই

প্রচারণার চাই ধামে ধামে পাড়ায় পাড়ায়

প্রচারণার পেরে বাংলাদেশের
জাতীয় প্যারেড গ্রীষ্মকাল
চলছে ৯ম ঢাকা বইমেলা।

সমৃদ্ধির জন্য বই' এ প্রোগ্রামকে সামনে
রেখে ১ থেকে ১৫ জানুয়ারী ১৫
দিনব্যাপী ঢাকা বইমেলায় উদ্বোধন
করেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।
উপস্থিত ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কোম
সেলিমা রহমান, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক
মাহমুদ শফিক, প্রকাশকদের পক্ষে মহিউদ্দিন
আহমেদ প্রমুখ। ততক্ষণ বক্তব্য রাখেন
মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের ছাত্র
ওয়ালিদ বিন কাসেম এবং তিকাচন্দ্রনিসা মুন
মুলের ছাত্রী তিউনি বিনতে মিন্নাত। উদ্বোধনী
অনুষ্ঠানে প্রধানমন্ত্রী চলতি বছরকে 'গ্রন্থাগার
বর্ষ' হিসেবে পালনের আহ্বান জানিয়ে
দেশবাসীকে, বিশেষ করে তরুণ সমাজকে
গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় গ্রন্থাগার গড়ে
তোলার পরামর্শ প্রদান করেন। বিপুলসংখ্যক
জ্ঞানপিপাসু পাঠক প্রতিদিনই ভিড় জমাচ্ছেন
এই মেলায়।
নতুন বই ও বিদেশী টেলিগ্রাম এবং বইমেলায়
দেশী প্রকাশনা ছাড়াও জাপান, ভারত, ইরান,
মাইডাস, বিশ্ব বাস্তু সংস্থা- এই এটি বিদেশী
প্রকাশনাসহ মোট ১৫১টি প্রতিষ্ঠান অংশ
নিয়চ্ছে। মেলায় উপন্যাস, গল্প, প্রবন্ধ, ধর্মের
বই, ছোটদের গল্প ও কমিকসের বই,
ডিকশনারী, কম্পিউটার বই, কবিতা, কৃষি,
উপদেশ, বাণী, আবিষ্কার বিষয়ক বই ছাড়াও
নানা ধরনের হারেক রকমের বই বেলায় টাই
করে নিচ্ছে। মেলাকে কেন্দ্র করে এবার
নবীন-প্রবীণ লেখকদের বেশ কয়েকটি বই
প্রকাশিত হয়েছে। তন্মধ্যে আল মুজাহিদী,

আল মাহমুদ, হুমায়ূন আহমেদ, মাহমুদ শফিক,
ইমদাদুল হক মিলন, সুবেক রাষ্ট্রপতি অধ্যাপক
একিউএম বদরুজ্জোব্বা চৌধুরী, বিচারপতি
লতিফুর রহমান এর বই রয়েছে। এছাড়াও
পাওয়া যাবে আবদুল হাই শিকদারের শ্রাবস্তীর
মনের মায়াবাড়ি, অপারেশন কচি খালি,
'ফুলপত্রী'র সব মনে আছেসহ আরো কিছু নতুন
বই। গল্পকার হোসেনের উপন্যাস বিরহ যন্ত্রণা
ও প্রেমের মরণযাত্রা, আলম শাইনের ওরাই
এখন মুক্তিযোদ্ধা, রমা লেখক লুৎফুল খবীরের
'এক কুড়ি হাতির গল্প' পাওয়া যাবে শিরিন
পারভিকেশনের টলে। এছাড়া ছড়াকার আতিক
হেলালের শিব-কিশোর ছড়ার বই- এই বইটা
আমাদের, আবিদুর রহিমের গল্পের বই,
শিচতলা অফিসার, মেহেদী হাসান পলাশের
সম্পাদিত গ্রন্থ The minority card.
এছাড়াও লুৎফুল খবীরের শিবদের জন্য হাতির
গল্প, 'পাগলা রোবটের কাণ্ড কারখানা'
খিদ্দেফুলের টলে, 'লিট্‌স মিমার ফিট্‌স ফিট্‌স'
এশিয়া পারভিকেশনে এবং জামসেদ ওয়াজেদের
গল্পের হাট উল্লেখযোগ্য। ফুলকি বই প্রকাশনী
স্বাক্ষরের জন্য আলদা টেল নির্বাণের দাবী
জানিয়ে একমাত্র বাচ্চাদের জন্য হারেক রকমের
কমিকস দিয়ে টেল নির্মাণ করেছে। ফুলকি বই
প্রকাশনী মাত্র ২০০ টাকার ৬টি ভিন্ন বাদের
বাক্সের গল্পের বই প্যাকেজ আকারে দিচ্ছে।

সাথে উপহার হিসেবে ৫০ টাকা মূল্যের কমিকস
বই ও ক্যালেন্ডার টি দিচ্ছে।
পাড়ায় পাড়ায় প্রচারণার চাই : ঢাকা বইমেলা
চলু হয় ১৯৯৫ সালে। গত ১ জানুয়ারী ২০০২
অষ্টম ঢাকা বই মেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
বেগম খালেদা জিয়া ২০০২ সালকে জাতীয়
গ্রন্থবর্ষ হিসেবে ঘোষণা করেছিলেন এবং পাড়ায়
পাড়ায় গ্রন্থাগার গড়ে তোলার আহ্বান
জানিয়েছিলেন। তারই ধারাবাহিকতায় গ্রন্থ
রচনা, প্রকাশনা ও বিপণনের ক্ষেত্রে যথেষ্ট
সাক্ষ্য এসেছে। বাংলাদেশ সরকারের
প্রধানমন্ত্রীর পদ থেকে শ্রিয়জনকে উপহার
হিসেবে বই মেলায় আহ্বান এবারই প্রথম।
প্রতিদিন বিকেল ২টা হতে রাত ৯টা পর্যন্ত এ
গ্রন্থমেলায় প্রবেশ টিকিটের মূল্য মাত্র ২ টাকা।
মেলা কর্তৃপক্ষ ২০% কম মূল্যে বই বিক্রি
করছে। মুলের ছাত্র-ছাত্রীদের মেলায় প্রবেশের
জন্য কোন টিকিট কাটতে হয় না। প্রতিদিন -
গ্রন্থ নতুন বই আসছে মেলায়। এর মধ্যে
শিব-কিশোর বই সর্বাধিক। প্রতিদিন বিকেলে
মেলা মাঠে বসে দেশবরেণ্য শিল্পীদের
অংশগ্রহণে সাংস্কৃতিক ও সঙ্গীতানুষ্ঠান।
শ্রিয়জনকে বই উপহার দিয়ে আপনিও সুকনের
মাঝে জানের পরিধি বাড়িয়ে দিন।

□ সোহেল রশীদ
ছবি : কামাল হোসেন